পিরোজপুরে দুই বাসে আগুন, ঘুমন্ত অবস্থায় হেলপারের মৃত্যু



ছবি: সংগৃহীত

পিরোজপুরের ভান্ডারিয়ায় বাসে আগুন দেওয়ার ঘটনায় মো. সিয়াম নামে এক হেলপার নিহত হয়েছেন। বুধবার (১৮ নভেম্বর) ভোর ৪টার দিকে বাসস্ট্যান্ডে দাঁড়িয়ে থাকা দুটি বাসে আগুন দেয় দুর্বৃত্তরা। এ সময় একটি বাসের ভেতরে ঘুমিয়ে ছিলেন সিয়াম।

স্থানীয় সূত্রে জানা যায়, বরিশাল মালিক সমিতির 'বাহক' ও ঝালকাঠি মালিক সমিতির 'লিসা' নামের বাস দুটি ভান্ডারিয়া বাসস্ট্যান্ডে রাখা ছিল। আগুন দেখে টহল পুলিশ দ্রুত ঘটনাস্থলে যায়। আশপাশের বাসে ঘুমিয়ে থাকা লোকজনকে সরিয়ে ফায়ার সার্ভিসে খবর দেয় তারা।

ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নেভানোর পর 'বাহক' বাসের ভেতর থেকে সিয়ামের মরদেহ উদ্ধার করেন। পরে মরদেহ পুলিশের কাছে হস্তান্তর করা হয়। নিহত সিয়ামের বাড়ি বরিশালের উজিরপুর উপজেলায়।

ভান্ডারিয়া থানার ওসি মো. জগলুল হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

এদিকে একই রাতে পিরোজপুরের নাজিরপুর উপজেলার চৌঠাই মহল এলাকায় সড়কের পাশে চারটি দোকানেও আগুন দেওয়া হয়।

LENS ASIA